2016 Sem :- VI, HISTORY (H)
DSE-3
January
Monday
04

প্রাক-আধুনিক চীনে জেন্ট্রি বলতে কাদের বলা হত? তাদের ভূমিকা লেখ:-

প্রাক আধুনিক চীনে গঠিত কতকগুলি ক্ষমতাসম্পন্ন উচ্চশিক্ষিত উচ্চশ্রেণীর মানুষকে জেন্ট্রি হিসাবে চিহ্নিত করা হতো। সরকারী কর্মচারী ও কৃষকদের মধ্যে তারা ছিলেন যোগাযোগকারী। এঁদের সম্পর্কে বলা হয়েছে - 'জেন্ট্রিরা ছিলেন প্রকৃত অর্থে চীনের শাসকশ্রেণী; তারা তিনটি জিনিসের অধিকারী ছিলেন - ক্ষমতা, জ্ঞান ও সম্পত্তি'

চীনা সমাজের সুবিধাভোগী প্রভাবশালী গোষ্ঠী হল জেন্ট্রি। জেন্ট্রি শ্রেণীর প্রতিটি সদস্যই ক্ষমতা, জ্ঞান ও সম্পত্তি - এই তিনটি জিনিসের অধিকারী ছিলেন বা কোনটি সমান পরিমাণে উপভোগ করতেন। জটিল সরকারী পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তারা গ্রন্থ-ডিগ্রি-ও প্রিয়ে প্রতিপত্তির অধিকারী হয়েছিল। এরা জেন্ট্রি সরকারী পদাধিকারী না হয়, তাদের একটা মর্যাদার জায়গা ছিল। উনিশ শতকে এদের সংখ্যা ছিল 1·1 মিলিয়ন, বিশ-শতকে 1·5 মিলিয়ন। এরা ছিল চীনা সমাজের নেতা, সমাজব্যবস্থার রক্ষী ও সৌন্দর্যের রক্ষার দায়িত্ব ছিল এদের হাতে। রাজস্বের ক্ষেত্রে এরা কিছু জমির অধিকার পেত, যদিও কেবলমাত্র জেন্ট্রি পরিবারের পারিবারিক ট্রাস্টের ছিল। রাষ্ট্র সরকারের সঙ্গে হালিয়ে চলিয়া হাকার উচ্চপদ ছিল, এই অবস্থা ছিল জেন্ট্রিদের অধিকারে।

জেন্ট্রি শ্রেণী চীনা সমাজে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করত এবং এই শ্রেণীর-কর্মচারী কোন কিছু সুযোগ সুবিধা ভোগ করতেন। কনফুসীয় মন্দিরগুলির সরকারী অনুষ্ঠানে যোগদানের অধিকারী ছিলেন একমাত্র জেন্ট্রিরা। জেন্ট্রির সদস্যরা পোশাক ও জীবনধারণের ক্ষেত্রে প্রতিনিধিত্ব করার সুযোগ পেতেন, যাতে সাধারণ মানুষের থেকে সহজেই আলাদা করা যেত। সরকারী পদে উত্তীর্ণ জেন্ট্রিদের পোশাকে এক বিশেষ ধরনের সোনার কোতল দেখতে পাওয়া যেতেন। কোনো ম্যাজিস্ট্রেট এদের বিচার করতে পারত না, বিচারের ক্ষেত্রে এদের কিছু সুযোগ সুবিধা ছিল, এদের বিচারকের সামনে উপস্থিত হতে হতো না। জেন্ট্রি কায়িক পরিশ্রম কাজ করত না, খোলা টাকা ও ভূমিকরের ক্ষেত্রে ও এদের ছাড় ছিল, অন্যথায় বছরে কয়েক মাসের জন্য বাধ্যতামূলক ছিলত, জনসাধারণের ক্ষেত্রে এরা ম্যাজিস্ট্রেটের সঙ্গে সহযোগিতা করত। জনহিতকর কার্যাবলীর দায়িত্ব ছিল এদের উপর, জলপথ পরিষ্কার করা, বাঁধ দেওয়া, সেতু-নির্মাণ করা ও জলসেচের দায়িত্ব করত জমিদার সমপর্যায়ের জেন্ট্রি, গ্রামের মন্দির স্মৃতিসৌধ ইত্যাদি রক্ষণাবেক্ষণের দায়িত্বের সঙ্গে যুক্ত ছিল জেন্ট্রিরা, দুর্ভিক্ষের সময় ত্রাণ বিতরণের দায়িত্ব ছিল এদের উপর, শিক্ষা ও সংস্কৃতির প্রসারে জেন্ট্রি শ্রেণীর বিশেষ ভূমিকা ছিল, সম্রাট কংফুসি যে বোলটি সমাজ বিধান জারি করেছিলেন জেন্ট্রিরা তা জনগণের মধ্যে প্রচার করতেন, কনফুসিয়াসের আদর্শে দায়িত্বশীল মানুষ গড়ার কারিগর ছিলেন জেন্ট্রিরা, এরা ছিলেন স্থানীয় জনগণের স্বাভাবিক নেতা, সরকার ও জনগণের মধ্যে যোগাযোগকারী। তাই বলা যায় চীনা সমাজ হল জেন্ট্রি সমাজ, শিক্ষায়, সংস্কৃতি, সামাজিক প্রতিপত্তি ও রাজনৈতিক ক্ষেত্রে জেন্ট্রি শ্রেণীকে নেতৃত্বের আসনে বসিয়েছিল। তিন রাষ্ট্র ব্যবস্থাকে তাই 'জেন্ট্রি রাষ্ট্র' বললে অত্যুক্তি হয় না।

February 2016

পরিশেষে বলা যায় যে, চীনা সমাজের ~~সমাজের~~ উচ্চ পদাধিকারী শ্রেণী হিসাবে আখ্যায়িত করা হয়েছিল জেন্ট্রি শ্রেণী, তাই তিন রাষ্ট্রকে ইমপেরিয়াল

It is not without good reason that China was sometimes described as 'gentry state'.

Scanned with CamScanner